

বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ফ্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৪ ও ৫)
৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
ফ্যাক্স: ০২-৪১০৩০০৪৯, ওয়েবসাইট: www.ntrca.gov.bd

অনলাইনে আবেদনকারী শিক্ষক প্রার্থীদের জ্ঞাতব্য কতিপয় বিষয়

- সমগ্র দেশের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদরাসা, কারিগরি ও ব্যবসায় ব্যবস্থাপনা) হতে অনলাইনে এনটিআরসিএ-তে প্রাপ্ত নিয়োগযোগ্য শূন্য পদের চাহিদা (e-Requisition)সমূহের একটি সমন্বিত তালিকা এনটিআরসিএ'র ওয়েবসাইটে (www.ntrca.gov.bd) অথবা (http://ngi.teletalk.com.bd) প্রকাশ করা হয়েছে।
- এনটিআরসিএ'র সকল নিবন্ধন প্রাপ্ত ব্যক্তিবর্গ (১২.০৬.২০১৮ তারিখে যাদের বয়স ৩৫ বছর বা তার কম এবং শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের জারিকৃত সর্বশেষ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এ উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা রয়েছে) তাঁরা সকলেই ওয়েবসাইটে প্রকাশিত তালিকার সংশ্লিষ্ট পদসমূহের জন্য এনটিআরসিএ'র নিকট অনলাইনে আবেদন করতে পারবেন। ই-আবেদন ফরম পূরণের সময় নামের বানানসহ অন্যান্য তথ্যাদি নিবন্ধন পরীক্ষার ফরম পূরণের সময় প্রদত্ত তথ্যের অনুরূপ হতে হবে। নামের বানান ভুল করে দিলে কম্পিউটার প্রসেসিং এ বিঘ্ন ঘটবে যার দায় NTRCA নিবে না।
- সরকারের সর্বশেষ সিদ্ধান্তের প্রেক্ষিতে মহিলা শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শরীরচর্চা শিক্ষক পদের জন্য শুধুমাত্র মহিলা আবেদনকারীগণ আবেদন করতে পারবেন।
- নিয়োগ আবেদন (e-Application) ফরমটি খুব সতর্কতার সাথে পূরণ করার জন্য অনুরোধ করা হল। কারণ ফরম পূরণ শেষে একবার Submit করা হয়ে গেলে তা আর কোনভাবেই সংশোধন করা যায় না।
- কেউ কোন ভুল/মিথ্যা তথ্য প্রদান করেছেন প্রমাণিত হলে তাঁর আবেদনটি কোন কারণ দর্শানো ছাড়াই বাতিল করা হবে। ইচ্ছাকৃত ভাবে মিথ্যা তথ্য প্রদান করা হলে তাঁর বিরুদ্ধে প্রয়োজনে ফৌজদারী ব্যবস্থা গ্রহণের পদক্ষেপ নেয়া হবে।
- যিনি যে যে বিষয়ে এনটিআরসিএ'র নিবন্ধন সনদধারী তিনি e-Advertisement এ প্রদর্শিত তার সংশ্লিষ্ট বিষয়/বিষয়সমূহের বিপরীতে তালিকায় বর্ণিত সকল প্রতিষ্ঠানের সকল পদে আবেদন করতে পারবেন। তবে এক ব্যক্তি একাধিক প্রতিষ্ঠানের একাধিক পদে আবেদন করলে পছন্দের ক্রম উল্লেখ করে দিতে হবে। তার পছন্দের ক্রমানুসারে মেধাক্রম অনুসারে মাত্র একটি পদের বিপরীতে তার নিয়োগের সুপারিশ করা হবে।
- ইতোপূর্বে এনটিআরসিএ'র পক্ষ হতে শিক্ষক নিবন্ধন পরীক্ষা ১ থেকে ৫ পর্যন্ত উত্তীর্ণ সকল নিবন্ধন সনদধারীদের তথ্য http://ngi.teletalk.com.bd এর মাধ্যমে হালনাগাদ করার কথা বলা হয়েছিল। যারা এ পর্যন্ত উক্ত তথ্য হালনাগাদ করেননি তাদেরকে e-Application করার পূর্বে অবশ্যই সংশ্লিষ্ট তথ্যাদি অবিলম্বে হালনাগাদ করার জন্য পুনরায় অনুরোধ করা হল। অন্যথায় তাদের আবেদন process করা সম্ভব হবে না।
- প্রতিটি পদের জন্য প্রাপ্ত সকল বৈধ আবেদনকারী অনলাইনে সফলভাবে আবেদন পেশ করার পরে এনটিআরসিএ'র পক্ষ হতে একটি এসএমএস পাবেন। এছাড়া আবেদনকারীকে পেশকৃত আবেদনের একটি প্রিন্ট কপি সংরক্ষণ করতে হবে।
- প্রত্যেক আবেদনের জন্য নির্ধারিত (১৮০.০০ টাকা) হারে ফি জমা না দিলে আবেদন বৈধ বলে গণ্য হবে না।
- মামলা/আইনগত কোন কারণে অনলাইনে প্রকাশিত বিজ্ঞপ্তি (e-Advertisement)-এর কোন পদে নিয়োগ দেয়া সম্ভব না হলে তার জন্য অত্র কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
- প্রাপ্ত আবেদনসমূহ সরকারি বিধি-বিধান অনুযায়ী সমন্বিত জাতীয় মেধাতালিকা হতে মেধার ভিত্তিতে চূড়ান্তভাবে বাছাই করে নিয়োগের জন্য সংশ্লিষ্ট SMC/MMC/GB বরাবরে প্রেরণ করা হবে এবং নির্বাচিত প্রার্থীকে SMS এর মাধ্যমে অবহিত করা হবে।
- বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ইনডেপেন্ডেন্ট যে সকল শিক্ষক নিবন্ধন সনদধারীগণ কর্মরত আছেন তাঁরাও অনলাইনে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন। তবে তাঁদের নিয়োগের আবেদনসমূহ অন্যান্য প্রার্থীদের ন্যায় জাতীয় মেধাতালিকার ভিত্তিতে বাছাইপূর্বক নিষ্পত্তি করা হবে।